দৈনিক বাংলা

তারিখ 09 FEB 1989
পৃষ্ঠা 8 কলাম 5

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## সরকার কারিগরী শিক্ষা প্রসারে আগ্রহী : শহীদ

শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন বর্তমান সরকার দেশে কারিগরি শিক্ষা সম্প্রসারণে অত্যন্ত আগ্রহী এবং এ লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

মন্ত্রী বুধবার ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট মিলনায়তনে ইনস্টিটিউটের ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের অধ্যক্ষ এমদাদুল হক চৌধুরী। খবর তথ্য বিবরণীর।